নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

## নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganjpbs1@gmail.com ওয়েব সাইটঃ- pbs1.narayanganj.gov.bd

মুজিব বর্ষ ১০০

স্মারক সংখ্যা- ২৭.১২.৬৭০৪.৫৭০.০২.০০৮.২৪. ৫৬৩৬

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগের আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।**

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে সন্তোষজনক ও ধারাবাহিকভাবে কর্মসম্পাদনকারী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নোক্ত বর্ণনা মোতাবেক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | |
|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিস এর চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিস এর প্রদত্ত এলপিসি (Last pay certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে। | ০১ | **বয়স সীমাঃ-** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (০৩/০৩/২০২৪খ্রিঃ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন। |
| | | | ০২ | **অভিজ্ঞতাঃ-** ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন)/০৬(ছয়)/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩ | **অন্যান্য যোগ্যতাঃ-**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।<br>খ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।<br>ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।<br>ঙ) বর্তমানে বিভিন্ন পবিস এ কর্মরত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)-গণকে যথাযথ কর্তৃক পক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| | | | ০৪ | **নিয়োগ পদ্ধতিঃ-**<br>বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষে প্যানেল প্রস্তুত করা হবে। |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে অভিজ্ঞ প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণকে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (http://pbs1.narayanganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক প্রার্থীর নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৮/০৩/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে **সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১,** চেঙ্গাইন, সোনারগাঁ,নারায়ণগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে/সরাসরি হাতে হাতে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ-

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সম্প্রতি সত্যায়িত থাকতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলীঃ-

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিস এর অনুকূলে ১০,০০০/-(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক নিয়মানুযায়ী প্রদত্ত মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত **প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স** ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।

(গ) প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতোপূর্বে কর্মরত পবিসের মোট চাকুরীকাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০. ১১০. ৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ:-১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(ঘ) অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) ইতোপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীত তাৎক্ষণিকভাবে চুক্তি বাতিলসহ জামায়ত বাজেয়াপ্ত করা হবে।

(চ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্য কোন তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে চুক্তিবাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) নারায়ণগঞ্জ জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা যাবে। তবে কোন অবস্থাতেই নিয়োগ প্রাপ্তগণ নতুন চুক্তিতে ০৯ (নয়) বৎসরের অধিকাল অথবা ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবে না।

(ঝ) খামের উপরে পদের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(ঞ) অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন কোন বিষয় অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩/০৩/২০২৪

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ), জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (দক্ষিণ), বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................................পবিস- ১/২/৩/৪।
০৬। ডিজিএম, কারিগরি/সোনারগাঁ/তারাব/মদনপুর/বন্দর/নবীগঞ্জ জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।
০৭। এজিএম(ওএন্ডএম), মেঘনাঘাট/বারদী/বরপা/তালতলা/কাচঁপুর সাব জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।
০৮। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/প্রশাসন), নারায়ণগঞ্জ পবিস-১।
০৯। এজিএম (আইটি), নারায়ণগঞ্জ পবিস-১ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (http://pbs1.narayanganj.gov.bd), নারায়ণগঞ্জ পবিস-১।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

০৩/০৩/২০২৪

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
সিনিয়র জেনারেল ম্যানেজার